মুজিবনগর স্মৃতিসৌধে মুক্তিযোদ্ধাদের শ্রদ্ধা নিবেদন

ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেছেন স্থানীয় মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা সন্তান কমান্ড কাউন্সিলের সদস্যরা। শুক্রবার সকাল ৯টায় মুজিবনগর স্মৃতিসৌধে জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন তারা।

এ সময় বীর মুক্তিযোদ্ধা অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন আব্দুল মালেক, মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান, মুক্তিযোদ্ধা সন্তান সংসদ কমান্ডের মুজিবনগর উপজেলা সভাপতি মোখলেছুর রহমান, সাধারণ সম্পাদক খাইরুল ইসলামসহ অন্য সদস্যরা উপস্থিত ছিলেন।

বীর মুক্তিযোদ্ধা (অব.) ক্যাপ্টেন আব্দুল মালেক বলেন, ‘১৭ এপ্রিল মুজিবনগর দিবস কোনো রাজনৈতিক দিবস নয়। এটি মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের স্বাধীনতার জন্য তাৎপর্যপূর্ণ দিন। যে সরকারই আসুক না কেন, দিনটিকে সরকারিভাবে পালন করা উচিত। দিনটি উপলক্ষে সরকার কোনো কর্মসূচি রাখেনি। আমরা ব্যথিত হয়েছি।’

এ ছাড়া বিকেল ৩টায় ঢাকার নাগরিক সমাজ নামের একটি সংগঠনের পক্ষ থেকে মুজিবনগর স্মৃতিসৌধে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের কথা রয়েছে।

প্রসঙ্গত, আজ ঐতিহাসিক মুজিবনগর দিবস। ১৯৭১ সালের ১৭ এপ্রিল মুজিবনগর আম্রকাননে শপথ নেয় বাংলাদেশের প্রথম সরকার। তার পর থেকেই দিনটি মুজিবনগর দিবস হিসেবে পালিত হচ্ছে।তবে এ বছর সরকারিভাবে কোনো কর্মসূচি নেওয়া হয়নি।

মুজিবনগর স্মৃতিসৌধে স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ সোনালী ব্যাংকের শ্রদ্ধা নিবেদন

মুজিবনগর স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেছেন স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ সোনালী ব্যাংক পিএলসি চুয়াডাঙ্গা এরিয়া।

আজ শুক্রবার বিকেলে চুয়াডাঙ্গা,মেহেরপুর জেলার নবগঠিত কমিটির নেতারা ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। শ্রদ্ধা নিবেদন শেষে জাতির পিতাসহ সকল শহীদের রুহের মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ নবগঠিত কমিটির সভাপতি সোনালী ব্যাংক জীবননগর শাখা ম্যানেজার আব্দুল হান্নান ,সহসভাপতি আলমডাঙ্গা শাখা ম্যানেজার এইচ এম আব্দুল আওয়াল ও মুহা: মুরশিদ আলম (এসপিও), সাধারণ সম্পাদক গাড়াডোব শাখা ম্যানেজার আসমাউল হুসনা তানিম, যুগ্ম সাধারণ সম্পাদক দর্শনা শাখা ম্যানেজার আব্দুল লতিফ , হাটবোয়ালিয়া শাখা ম্যানেজার আলী হায়দার ।

এছাড়াও নাজমুল হক পিও, শরিফুল ইসলাম এসও,আবুল বাশার,আব্দুল ওয়াকিল, ইফতেখারুল বাশার, খালিদ হাসান, রুবেল হোসেন, শাহাবুল আলম,তারিক মুবাশির,হাসিবুল ইসলাম ও জাহিদুল আলম প্রমুখ।

এর আগে ২৭ ফেব্রুয়ারী নবগঠিত কমিটির অনুমোদন করেন কেন্দ্রীয় কমিটির সভাপতি আলাউদ্দিন তুষার এবং সাধারণ সম্পাদক আব্দুর রায়হান।

নবগঠিত কমিটিতে উপদেষ্টা হিসাবে রয়েছেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি, পরে কমিটির নেতারা মুজিবনগর আম্রকাননে কমিটির পরবর্তী কার্যক্রম সম্পর্কে এক আলোচনা সভায় মিলিত হয়।

ঝিনাইদহে বাঁশ কাঠ আর পাটকাঠি দিয়ে তৈরি মিনারে শ্রদ্ধা নিবেদন

ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানানোর তীব্র আকাঙ্খ তাদের। কিন্তু বিদ্যালয় বা এলাকার আশেপাশে কোথাও নেই শহীদ মিনার। তাই তরুনরা রাতে দল বেঁধে বাঁশ ও কাঠ এনে মাটিতে গর্ত করে দাঁড় করিয়ে দিয়ে তৈরী হয় শহীদ মিনার। মাটি উচু করে বানানো হয় শহীদ বেদী। উপকরণ হিসেবে ব্যবহার করে,কাঠ,বাশ,পাটকাঠি ও কাগজ।
বাঁশ ও কাঠের তৈরি শহিদ মিনারের চারপাশে কাগজ, রঙিন বেলুন, ফুল ও পাতা দিয়ে সাজানো হয়। গ্রামের পথে-প্রান্তরে ঘুরে সংগ্রহ করা হয় বিভিন্ন ধরনের ফুল। সেই ফুল দিয়ে ভাষা শহীদদের জন্য বানানো মিনারে জানানো হয় শ্রদ্ধা।

ভাষা শহিদদেও প্রতি শ্রদ্ধা জানাতে এমন আয়োজন করেছে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার পারফলসী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একদল খুদে শিক্ষার্থী।

উল্লেখ্য ঝিনাইদহ জেলা জুড়ে ৬ উপজেলার ৯০৭টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে মাত্র ৮৮টি বিদ্যালয়ে শহীদ মিনার থাকলেও বাকি ৮১৯টি বিদ্যালয়েই নেই কোন শহীদ মিনার । তাই অনেক প্রতিষ্ঠানে এই দিনটিতে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের মধ্যেই সীমাবদ্ধ থাকে।

এদিকে,পর্যাপ্ত বরাদ্দ না থাকায় সব শিক্ষাপ্রতিষ্ঠানে শহীদ মিনার নির্মাণ করা সম্ভব হচ্ছে না বলে জানান সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আমজাদ হোসেন।

মুজিবনগর স্মৃতিসৌধে স্বেচ্ছাসেবক লীগের শ্রদ্ধা নিবেদন ও বৃক্ষরোপণ

মেহেরপুরে আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। আজ বেলা ১১ টার দিকে মেহেরপুর মুজিবনগর আম্রকাননে এ কর্মসূচি পালন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনটির কেন্দ্রীয় কার্যনির্বাহী সহ-সভাপতি কাজী মোয়াজ্জেম হোসেন। রাজনৈতিক সফরে মেহেরপুরে আগমন উপলক্ষে জেলা স্বেচ্ছাসেবক লীগের পক্ষ থেকে এ কর্মসূচির আয়োজন করা হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক লীগের মেহেরপুর জেলা সভাপতি আরিফুল ইসলাম সোবহান, সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন সহ বিভিন্ন শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক বৃন্দ। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সম্মেলন প্রস্তুত কমিটির সভাপতি মতিউর রহমান মতিন, সদস্য সচিব আইয়ুব হোসেন ইয়াং বাংলা ফিউচার লিডার্স এর মুজিবনগর উপজেলা সভাপতি হাসানাজ্জুমান লাল্টু মহাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি এর আগে মুজিবনগর স্মৃতি সৌধে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন প্রধান অতিথি। এ সময় দলটির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন

আজ শনিবার ২৬ আগষ্ট, শোকের মাস আগষ্ট উপলক্ষে সকাল ১১টায় বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের উদ্যোগে সংগঠনের কেন্দ্রীয় কার্যনিবার্হী পরিষদের সহ-সভাপতি কাজী মোয়াজ্জেম হোসেন-এর নেতৃত্বে ঐতিহাসিক মুজিব নগর আম্রকাননের স্মৃতিবেদীতে পুষ্পস্তবক অর্পণ এবং পরে বৃক্ষরোপণ কর্মসূচির শুভ উদ্বোধন করা হয়।

উল্লেখ্য, মুক্তিযুদ্ধে নেতৃত্বদানকারী দল বাংলাদেশ আওয়ামী লীগের নেতৃত্বে বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার ১০ এপ্রিল ১৯৭১ সালে গঠিত হয়, এরপর তৎকালীন ভবেরপাড়ার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগরের) আম্রকাননে ১৭ এপ্রিল ১৯৭১ সালে সরকার শপথ গ্রহণ করে। এই সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং অস্থায়ী রাষ্ট্রপতি ছিলেন সৈয়দ নজরুল ইসলাম। বাংলাদেশ সরকারের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ এই স্থানের নামকরণ মুজিবনগর করেছিলেন।

বৃক্ষরোপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের বিপ্লবী সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, মুজিবনগর উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক মতিউর রহমান মতিন, সদস্য সচিব আয়ুব হোসেন, মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ডালিম হোসেন, বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ইশতিয়াক আহমেদ, সাধারণ সম্পাদক সোহাগ, মুজিবনগর উপজেলা সম্মেলন প্রস্তুত কমিটির সদস্য শাহ অলিউল্লাহ সোহাগ, আনিসুজ্জামান শুভ, রাব্বি এবং মেহেরপুর সদর থানা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব রাশেদুল ইসলাম আনন্দ, প্রস্তাবিত যুগ্ম সাধারণ সম্পাদক হানিফ খান প্রমুখ ।

গাংনীতে ডা.নাজমুল হক সাগরের পক্ষ থেকে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

গাংনী উপজেলা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি,সাবেক গণপরিষদ সদস্য ও সাবেক সংসদ সদস্য মরহুম নূরুল হকের সুযোগ্য পুত্র রাজশাহী মেডিকেল কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক ডা.এ.এস.এম.নাজমুল হক সাগরের পক্ষ থেকে ২১ শে ফেব্রুয়ারি মহান ভাষা শহীদদের প্রতি পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয় ও শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ও জেলা যুবলীগের সাবেক সিনিয়র সহ-সভাপতি সবুক্তগীন মাহমুদ পলাশ,মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলী,গাংনী উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক জিয়াউর রহমান জিয়া,জেলা ছাত্রলীগের সহ-সভাপতি হুমায়ন কবির লিখন,সাবেক ছাত্রনেতা চপল,গাংনী উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তৌফিক আজিজ মুন্না,তরিকুল ইসলাম উজ্জ্বল,শিমুল পারভেজ অন্তর,সহ-সম্পাদক নয়ন আলী,শ্রমিক নেতা পলাশ,হাফিজুর হাফি,ছাত্রনেতা কনিক,মুন্না, আশিক

দামুড়হুদায় কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন

দামুড়হুদায় কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী নিবেদনের মধ্য দিয়ে ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে। রাত ১২ টা এক মিনিটে দামুড়হুদা উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়াম সংলগ্ন কেন্দ্রীয় শহীদ মিনারে বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়।

প্রথমেই চুয়াডাঙ্গা-২ আসনের সাংসদ হাজি আলী আজগার টগর শহীদ বেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর পর্যায়ক্রমে উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ, উপজেলা আওয়ামী লীগ, মুক্তিযোদ্ধা সংসদ, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজ, শিক্ষা অফিস, ফায়ার সার্ভিস, উপজেলা সাব রেজিস্ট্রী অফিস, দামুড়হুদা উপজেলা শ্রমিকলীগ, ইউনিয়ন আওয়ামী লীগ, সদর ইউনিয়ন পরিষদ, উপজেলা যুবলীগ, দামুড়হুদা প্রেসক্লাব, উপজেলা ছাত্রলীগ, হেঁসেল ঘর কফি হাউজসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়।

দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ, দর্শনা থানার ওসি এএইচএম লুৎফুল কবীর, অধ্যক্ষ কামাল উদ্দিন, আওয়ামী লীগ নেতা আতিয়ার রহমান হাবু, সাব রেজিস্ট্রার নফিয বিন যামান, ফায়ার সার্ভিসের সাব অফিসার নাসির উদ্দীন, ইউপি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উপজেলা আওয়ামী লীগের অন্যতম নেতা সেলিম উদ্দিন বগা, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক

বখতিয়ার হোসেন বকুল, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, উপজেলা শ্রমিক লীগের সভাপতি হাজি আব্দুল কাদির, উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগ নেতা মহসিন আলী, হযরত আলী, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকুসহ প্রমূখ স্ব-স্ব প্রতিষ্ঠানের পক্ষে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।
অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ।

১৫ আগষ্টে গাংনী থানা পুলিশের শ্রদ্ধা নিবেদন

১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থাপতি, মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবসে গাংনী থানা পুলিশের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্প স্তবক অর্পণ পূর্বক শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়েছে।

গাংনী উপজেলা পরিষদ চত্ত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্প স্তবক অর্পণ পূর্বক শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন তারা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দীসহ পুলিশের অন্যান্য কর্মকর্তা ও পুলিশ সদস্যরা সাথে ছিলেন।

পরে গাংনী থানা জামে মসজিদে মিলাদ মাহফিল ও দোয়ার আয়োজন করা হয়।